



DAKSHINBANGA MATSYAJIBI FORUM (DMF)

Trade Union Regn. No.20474/92.

Affiliated to National Platform for Small Scale Fish Workers (NPSSF)



মেমো নং- DMF/President – 39/24

৮ই ফেব্রুয়ারি, ২০২৪

শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়,
মাননীয় মুখ্যমন্ত্রী,
পশ্চিমবঙ্গ সরকার,
'নবান্ন', হাওড়া-৭১১১০২

বিষয়ঃ সমুদ্রগামী মৎস্যজীবীদেরকে মৎস্যশিকার বন্ধের সময় মাসিক ৫,০০০ টাকা জীবিকা সহায়তা।

মাননীয় মহাশয়া,

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ) পশ্চিমবঙ্গের সমুদ্রগামী মৎস্যজীবীদেরকে ২ মাস মৎস্যশিকার বন্ধের সময় মাসিক ৫,০০০ টাকা সহায়তা ঘোষণা করার জন্য আপনাকে অকুণ্ঠ অভিনন্দন জানায়।

আপনি অবগত আছেন যে দীর্ঘদিন ধরে ডি.এম.এফ মৎস্যশিকার বন্ধের সময় ক্ষুদ্র মৎস্যজীবীদের মাসিক ৫,০০০ টাকা জীবিকা সহায়তা দেওয়ার দাবি জানিয়ে এসেছে। আজ সেই দাবি আপনি পূরণ করলেন। ডি.এম.এফ তথা রাজ্যের মৎস্যজীবীরা এর জন্য আনন্দিত ও আপনার প্রতি কৃতজ্ঞ।

এরই সাথে আমরা একটি গুরুতর বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা লক্ষ্য করেছি যে বহু অমৎস্যজীবী অসদুপায় অবলম্বন করে মৎস্যজীবী নিবন্ধীকরণ করিয়েছে ও পরিচয়পত্র সংগ্রহ করেছে। স্বাভাবিকভাবেই এই অসাধু ব্যক্তির মৎস্যশিকার বন্ধের সময় মাসিক ৫,০০০ টাকা জীবিকা সহায়তা দাবি করবে। এর দ্বারা প্রকৃত মৎস্যজীবীদের সহায়তা দেবার জন্য রাজ্য সরকারের ঘোষিত উদ্দেশ্য ব্যর্থ হবে, সরকারি অর্থের অপচয় হবে এবং প্রকৃত মৎস্যজীবীরা হতাশ হবেন। এর পরিপ্রেক্ষিতে আমরা মাসিক ৫,০০০ টাকা জীবিকা সহায়তা প্রদানের আগে গ্রহীতা মৎস্যজীবীর পরিচয় যাচাই করার নির্দেশ দেবার অনুরোধ জানাচ্ছি। এই বিষয়ে দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম পশ্চিমবঙ্গ সরকারের মৎস্য দপ্তরকে সর্বতোভাবে সহায়তা করার প্রতিশ্রুতি দিচ্ছে।

আন্তরিক শুভেচ্ছা সহ,

দেবাশিস শ্যামল,

সভাপতি,

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

মোবাইলঃ ৯৯৩৩৬০২৮০৮